কুষ্টিয়া শহর শ্রমিকলীগের উদ্যোগে প্রতিষ্ঠাবার্ষিকী পালন

জাতীয় শ্রমিকলীগের ৫১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে কুষ্টিয়া শহর শ্রমিকলীগের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে শহরের জিকে শেখ রাসেল খেলার মাঠে আলোচনা সভায় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন,জেলা মহিলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মেহেরুন্নেসা বিউটি।

শহর শ্রমিকলীগের সভাপতি দেওয়ান মাসুদুর রহমান স্বপনের সভাপতিত্বে প্রধান প্রধান বক্তা ছিলেন জেলা শ্রমিক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এএইচ এম মতিউর রহমান।
বিশেষ অতিথি ছিলেন, জেলা শ্রমিক লীগের সহসভাপতি জিল্লুর রহমান, সাংগঠনিক সম্পাদক তরিকুল হাসান মিন্টু, সহ সাধারণ সম্পাদক বাদশা আলমগীর, প্রচার সম্পাদক আব্দুর রশীদ খান,

শহর শ্রমিক লীগের সহসভাপতি মারফত আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক আমির হোসেন, প্রচার সম্পাদক ঝন্টু মৃধা, সদস্য তপন হোসেন, ১ নং ওয়ার্ডের কাউন্সিলর রবিউল ইসলাম, ওয়ার্ড আওয়ামী লীগের সহসভাপতি কাবুল চৌধুরী, সাবেক সভাপতি শামসুজ্জামান মনি, যুগ্ম সাধারণ সম্পাদক আসিফ বান্দা পুলক, সাংগঠনিক সম্পাদক শরিফুল ইসলাম মানিক, ১ নং ওয়ার্ড শ্রমিক লীগের সভাপতি ইমরান খান, সাধারণ সম্পাদক সাগর শিকদার প্রমুখ।

বক্তারা বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া সংগঠন শ্রমিকলীগের প্রতিটি স্তরের নেতারা জননেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে কাজ করে যাচ্ছেন। বক্তারা আরও বলেন,

শ্রমিকলীগকে শক্তিশালী ও ঐক্যবদ্ধ করতে সবাইকে এক প্লাটফর্মে আসতে হবে এবং সর্বত্র এই কমিটি বিলুপ্ত করে নতুন কমিটি দিয়ে শ্রমিকদের স্বার্থ উদ্ধারে কাজ করতে হবে পাশাপাশি শিশু ও যুবদের বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত হওয়ার তাগিদ দেন তারা।

মুজিবনগরে জাতীয় শ্রমিকলীগের ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বছরপূর্তি কেকে কেটে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় শ্রমিকলীগের ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী।

গতকাল সোমবার বিকালে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এ প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়।

এর আগে একই মঞ্চে আলোচনা সভা করা হয়। মুজিবনগর উপজেলা শ্রমিকলীগের সভাপতি আবুল কালাম আজাদের সভাপতিত্বে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক এ্যাড.ইব্রাহিম শাহীন, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,

বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ,দারিয়াপুর ইউপি চেয়ারমান তৌফিকুল বারী বকুল, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন, মুজিবনগর উপজেলা শ্রমিকলীগের সাধারন সম্পাদক সেলিম রেজা প্রমুখ।

আলোচনা সভা শেষে জাতীয় শ্রমিক লীগের ৫১ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটা হয়।

ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি এম এ আনসারী’র ৯ম

মৃত্যুবার্ষিকী

ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি এম এ আনসারী’র গতকাল ৯ম মৃত্যুবার্ষিকী। তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে গত ২০১১ সালের ১২ই অক্টোবর মারা যান।

সংবাদ সংগ্রহকালে তিনি দুপুর ২টার দিকে মহেশপুর সীমান্তের মাটিলা বাজারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তাকে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে নেওয়া হলে বেলা আড়াইটার দিকে তার মৃত্যু হয়।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৬১ বছর। ঝিনাইদহ শহরের কাঞ্চননগর পাড়ার এইচ এস এস সড়কে তার বাড়ি। তিনি স্ত্রী ও দুই ছেলে রেখে গেছেন।

আইন পেশার পাশাপাশি এম এ আনসারী ৭০ দশক থেকে সাংবাদিকতায় যুক্ত। তিনি অল্প সময়ের জন্য কলেজে অধ্যাপনাও করেছেন। তিনি ঝিনাইদহ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার প্রতিষ্ঠাতা।

আনসারী একাধিকবার ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি ইংরেজী দৈনিক দি ইনডিপেনডেন্ট পত্রিকার ঝিনাইদহ প্রতিনিধি ছিলেন তাছাড়া তৎকালীন ঝিনাইদহ থেকে প্রকাশিত দৈনিক নবগঙ্গা’র সম্পাদক ছিলেন ।

ঝিনাইদহ প্রেসক্লাবের পক্ষথেকে তাঁর রুহের মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করেণ, এছাড়া তিনি যেন বেহেশত নসীব হন এ দোয়ার প্রার্থনা করেন তার পরিবার থেকে।

হরিণাকুণ্ডুতে আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা আইনশৃঙ্খলা ও সন্ত্রাস নাশকতা প্রতিরোধ কমিটির সভা গতকাল সোমবার উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার

সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যদেন উপজেলা পরিষদের চেয়ারমান মোঃ জাহাঙ্গীর হোসাইন।

এসময় অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু থানার পরিদর্শক (ওসি) মোঃ আব্দুর রহিম মোল্লা, ভাইস চেয়ারমান শহিদুল ইসলাম শিলু, মহিলা ভাইস চেয়ারমান রেশমা খাতুন, ইউপি চেয়ারমান গোলাম মোস্তফা, ফজলুর রহমান, মঞ্জুরুল ইসলাম, নাজমুল হুদা পলাশ, প্রেসক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কাউন্সিলর ফারুক হোসেন, ঈমাম সমিতির সভাপতি মঈনুদ্দিন আহম্মেদ, পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক বিশ্বনাথ সাধুখাঁ প্রমূখ।

ঝিনাইদহ প্রেসক্লাবকে বাংলাদেশ প্রেস কাউন্সিলের বই প্রদান

মুজিববর্ষ উপলক্ষে বাংলাদেশ প্রেস কাউন্সিল কর্তৃক ঝিনাইদহ প্রেসক্লাবকে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই প্রদান করেন। গতকাল সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের হল রুমে জুম ইন মিটিং এর মাধ্যমে আলোচনা সভা ও বই বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জুম ইন এ বক্তব্য রাখেন বাংলদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যান অবসর বিচারপতি মমতাজ উদ্দীন আহম্মেদ, প্রেসক্লাবে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেস কাউন্সিলের সচিব শাহা আলম, আরও বক্তব্য রাখেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু, সহ সম্পাদক কে এম সালেহ, সিনিয়র সাংবাদিক দেলয়ার কবিরসহ প্রেসক্লাবের নেতৃবৃন্দ।

আলোচনা শেষে বাংলাদেশ প্রেসকাউন্সিলের সবিচ শাহা আলম ঝিনাইদহ প্রেসক্লাবকে বঙ্গবন্ধু শেখ মুজিব এবং মুক্তিযোদ্ধ ভিত্তিক প্রায় অর্ধশতাধিক বই উপহার দেন।

ঝিনাইদহে পানির পাইপে পড়ে মাদ্রাসা ছাত্রের মৃত্যু

ঝিনাইদহ সদরের হরিশংকরপুর গ্রামে খালের পানি নিষ্কাশন পাইপে পড়ে মোহাম্মদ আলী (১২) নামের এক মাদ্রসা ছাত্রের মৃত্যু হয়েছে। গতকাল সোমবার দুপুরে এ ঘটনা ঘটে।

মোহাম্মদ আলী ওই গ্রামের রফিকুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানায়, দুপুরে মোহাম্মদ আলী খালের পানিতে গোসল করতে নামে। একপর্যায়ে তীব্র স্রোতে নিষ্কাশন পাইপের মধ্যে আটকা পড়ে। খবর পেয়ে স্থানীয়দের সহযোগিতায় ফায়ার সার্ভিসের কর্মীরা পাইপ কেটে তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে। কিশোর মোহাম্মদ আলী স্থানীয় একটি মাদ্রাসার হেফজ বিভাগের ছাত্র ছিল।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

চুরি মামলায় মেহেরপুর জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েলসহ তিনজনের জেল

মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ায় একটি বাড়িতে চুরির ঘটনায় জেলা তাঁতী লীগের সদস্য সচিব জুয়েল রানাসহ ৩ জনের দুই বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছে আদালত।

রবিবার বিকালে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোছা: শিরিন নাহার এ

রায় প্রদান করেন। ৩৮০ ধারায় চুরি করার অপরাধে জুয়েল রানার দুই বছর সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাস জেল।

আসামিরা হলেন জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা, তিনি বেড়পাড়া সিরাজুল ইসলামের ছেলে, আশরাফুল ইসলাম ওরফে ভোঁদড়, তিনি পৌর কলেজ মাঠ পাড়ার আমিনুল ইসলামের ছেলে এবং শাহাবুদ্দিন তিনি নতুন পাড়া মোনাজাত আলী ছেলে।

শাহাবুদ্দিন ও আশরাফুল ইসলামের তিন বছর সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাস জেল। রায় ঘোষনার সময় জুয়েল রানা আদালতে উপস্থিতি ছিলেন। পরে তাকে জেলা কারাগারে পাঠানো হয়েছে। বাকিরা পলাতক রয়েছেন।

মামলার বিবরণ থেকে জানা গেছে, মেহেরপুর শহরের ফুলবাগান পাড়ার মৃত আহমদ আলীর ছেলে অ্যাডভোকেট আসাদুল আজম খোকন বাদী হয়ে ২০১৩ সালের ৬ অক্টোবর মামলা করেন। ওই দিন সকাল ৯ টা থেকে দুপুর এক টার ভিতর কোন এক সময় আসাদুল আজম খোকনের বাড়ির জানালার গ্রিল ভাঙ্গিয়া ঘরের ভেতরে ওয়ারড্রব ও বাক্স ভেঙ্গে ৩০ হাজার টাকা ও ৫ ভরি ওজনের বিভিন্ন শ্রেণীর স্বর্ণালঙ্কার যার মূল্য আড়াই লক্ষ টাকা চুরি করে নিয়ে যায়।

যার মামলা নম্বর ৬৭৪/২০১৩. রাষ্ট্রপক্ষের কৌঁসুলি ছিলেন অ্যাডভোকেট ইমতিয়াজ বিন হারুন ও আসামিপক্ষের কৌশলী ছিলেন অ্যাডভোকেট মিনা পাল।

মেহেরপুরে নতুন ২ জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে মুজিবনগর উপজেলার ১জন এবং গাংনীতে ১জন।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪

ঘন্টায় ১৭ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১১ জনের। আর পজেটিভ আসে২ জনের। তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪২৭৪ টি, সর্বমোট পজিটিভ ৬৩৩ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫১ জন। বর্তমানে আক্রান্ত রয়েছেন ১৯ জন । এদের মধ্যে সদরে ৪ জন, মুজিবনগরে ১৩ জন এবং গাংনীতে ২ জন।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের আঙ্গুরা খাতুন (৪০) এবং যতারপুর গ্রামের মনিরুল ইসলাম (২৫)।

মেহেরপুরে আরএফএল এর শো-রুম উদ্বোধন

মেহেরপুরে আলিফ সেনেটারি নামের আরএফএল কোম্পানির শো-রুম উদ্বোধন করা হয়েছে। সোমবার দুপুরে শহরের কাথুলী নসিমন স্ট্যান্ড সংলগ্ন এলাকয় এই শো- রুম উদ্বোধন করা হয়। আরএফএল কোম্পানির পরিচালক মনিরুজ্জামান ফিতা কেটে শো-রুমের উদ্বোধন করেন।

পরে সেখানে সংক্ষিপ্ত আকারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য দেন পরিচালক মনিরুজ্জামান, জেনারেল ম্যানেজার শহীদুল ইসলাম, আলিফ সেনেটারির সত্ত্বাধিকারী কামাল হোসেন।

এসময় আরএফএল এর পরিচালক মনিরুজ্জামান বলেন, আমরা বাংলাদেশ সহ বিশ্বের ১৭টি দেশে পন্য রপ্তানি করি। বিদেশি পন্য কিনে আমরা দেশের টাকা বিদেশে দিয়ে দিচ্ছি। আরএফএল কোম্পানি চ্যালেঞ্জ নিয়েছে প্রয়োজনীয় সকল পন্য বাংলাদেশের মানুষের কাছে পৌছে দেওয়ার। সে লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি।

কালীগঞ্জে নব-নির্বাচিত কাউন্সিলরকে মাইক্রো- প্রাইভেট চালক সমিতির পক্ষ থেকে সংবর্ধনা।

তানজির রহমান, কালীগঞ্জ: ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার ৫ নং ওয়ার্ডের নব-নির্বাচিত কাউন্সিলর মনিরুজ্জাম রিংকুর সাথে মতবিনিময় সভা ও সংবর্ধনা দিয়েছে কালীগঞ্জ মাইক্রো – প্রাইভেট চালক সমিতি।
সোমবার সকালে সমিতি কালীগঞ্জ মাইক্রোস্টান্ড সংলগ্ন প্রধান কার্যালয়ে মাইক্রো প্রাইভেট চালক সমিতির সভাপতি ফারুক খানের সভাপতিত্বে এক মত বিনিময় সভা ও নব নির্বাচিত কাউন্সিলর কে সংবর্ধনা প্রদান করা হয়। এ সময় বক্তারা নিজেদের অসুবিধা ও চাওয়া পাওয়ার বিষয় নব নির্বাচিত প্রতিনিধির কাছে তুলে ধরেন। এ সময় অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক জামাল, লাইন সেক্রেটারী আক্তার হোসেন সহ সমিতি অন্তর্ভূক্ত চালক সদস্য গন।

মতবিনিময় সভা শেষে মনিরুজ্জামান রিংকু সমিতির সকল সদস্যদের প্রয়োজন ও সুবিধা অসুবিধায় পাশে থাকার আশ্বাস ব্যক্ত করে